



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ডাকবাংলা নং ৩২৫  
ঢাকা  
বাংলাদেশ  
www.bangladesh-bank.org.bd

এসিডি সার্কুলার লেটার নং: ২

২৭ আশ্বিন, ১৪১৬  
তারিখ -----  
১২ অক্টোবর, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ  
বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক  
ঢাকা/রাজশাহী

প্রিয় মহোদয়,

ডাল, তেলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টার জন্য ২% সুদের হারে কৃষি ঋণ প্রদান প্রসঙ্গে।

১০/১০/২০০৬ তারিখের এসিএসপিডি সার্কুলার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের রেয়াতি সুদে বিতরণকৃত ঋণের বিপরীতে ব্যাংকসমূহের আর্থিক ক্ষতিপূরণ অনুচ্ছেদের ৪ নং উপঅনুচ্ছেদ পর্যালোচনান্তে গ্রেস পিরিয়ড ৩ (তিন) মাসের পরিবর্তে ৬ (ছয়) মাস বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর ফলে উপঅনুচ্ছেদটি নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

“মঞ্জুরীর সময় নির্ধারিত মেয়াদের সাথে গ্রেস পিরিয়ড ৬ (ছয়) মাস বৃদ্ধি করে প্রদত্ত ঋণের ক্ষতিপূরণের পরিমাণ নিরূপিত হবে। গ্রেস পিরিয়ডসহ নির্ধারিত মেয়াদ শেষে কোনো ঋণ সম্পূর্ণ বা আংশিক অনাদায়ী থাকলে তার উপর রেয়াতি সুদহার প্রযোজ্য হবে না। মেয়াদোত্তীর্ণ বকেয়ার ওপর ব্যাংকের নির্ধারিত স্বাভাবিক সুদ হারই ঋণ বিতরণের তারিখ হতে প্রযোজ্য হবে।”

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এস, এম, মনিরুজ্জামান)  
মহাব্যবস্থাপক  
ফোন ৭১২০৯৪৭